

নম্বর : ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৫.২৫-৩৫১

তারিখ: ১৮ মে, ২০২৬ খ্রি.

“সভার বিজ্ঞপ্তি”

কারিগরি শিক্ষা অধিদপ্তরের ২৯ মার্চ, ২০২৬ খ্রি. তারিখের ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৫.২৫-৩৩৯ সংখ্যক বিজ্ঞপ্তির আলোকে ২০২৫-২৬ অর্থবছরের বরাদ্দ হতে এইচএসসি (ভোকেশনাল)-একাদশ ও দ্বাদশ শ্রেণি, এইচএসসি (বিএমটি)- একাদশ ও দ্বাদশ শ্রেণি, এসএসসি (ভোকেশনাল)/ দাখিল(ভোকেশনাল) - নবম ও দশম শ্রেণি এবং নিম্ন মাধ্যমিক (ভোকেশনাল)/ নিম্ন মাধ্যমিক দাখিল (ভোকেশনাল) [৬ষ্ঠ - ৮ম শ্রেণি] এর শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের নিমিত্ত নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রয়োজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে নির্দেশনা দেওয়া হয়েছিল।

০২। উক্ত নির্দেশনার আলোকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহ DTE Stipend MIS সফটওয়্যারের মাধ্যমে তথ্য নির্দেশনা মোতাবেক এন্ট্রি ও আপডেট করেছে। তথ্য এন্ট্রি ও আপডেটের সময়সীমা অতিক্রান্ত হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য প্রয়োজনীয় যাচাই-বাহাই করে আঞ্চলিক কার্যালয় হতে কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।

০৩। এ প্রেক্ষিতে, প্রথমবারের মতো উপবৃত্তির উপযুক্ত শিক্ষার্থীর তথ্য চূড়ান্তকরণ এবং বিদ্যমান সুবিধাভোগী শিক্ষার্থীর হালনাগাদকৃত তথ্যসহ পে-রোল প্রস্তুতকরণের বিষয়ে ‘কেন্দ্রীয় কমিটি’র একটি সভা কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের সভাপতিত্বে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

তারিখ	: ২০ মে, ২০২৬ খ্রি.
সময়	: বেলা ০৩-০০ ঘটিকা
সভার স্থান	: মহাপরিচালকের সম্মেলন কক্ষ (২য় তলা), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৪। সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(ড. রেজা হাসান মাহমুদ)
সহকারী পরিচালক-১০

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০ (উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি প্রেরণ করার অনুরোধসহ);
- ২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);
- ৪। পরিচালক (পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৫। পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৬। পরিচালক (পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৭। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর;
- ৮। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (উপবৃত্তি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৯। সহকারী পরিচালক-১, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ১০। সহকারী পরিচালক (ভোকেশনাল-৫), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ১১। সহকারী পরিচালক-১০, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অবগতি/কার্যার্থে অনুলিপি প্রদত্ত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর (বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ এবং সভাকক্ষে ল্যাপটপ ও প্রজেক্টর নিশ্চিত করার অনুরোধসহ);
- ২। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর (সভায় ২০ জনের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৪। সংশ্লিষ্ট নথি।